



গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চাবি  
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কার্যালয়

ভেদরগঞ্জ, শরীয়তপুর

cooperative.bhedarganj.shariatpur.gov.bd


নম্বর : ৩৩

তারিখ : ২২-০১-২০২৬ খ্রি।

পূবালী বহুমুখী সমবায় সমিতি লিমিটেড, নিবন্ধন নম্বর : শরী ৯৯, তারিখ : ০২-০৯-২০০৯ খ্রি., গ্রাম : সখিপুর বাজার, ডাকঘর : সখিপুর, উপজেলা : ভেদরগঞ্জ, জেলা : শরীয়তপুর এর নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৪) ধারা অনুযায়ী নির্ধারিত সময়ে নির্বাচন অনুষ্ঠান না করায় উক্ত সমিতিতে ব্যবস্থাপনা কমিটির শূন্যতা বিরাজ করছে। ব্যবস্থাপনা কমিটির শূন্যতা নিরসনকল্পে এবং আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠানসহ দৈনন্দিন কর্মকান্ড পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা অনুযায়ী উপজেলা সমবায় কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুরে কর্মরত একজন সহকারী পরিদর্শক ও সমিতির সদস্যের সমন্বয়ে নিম্নবর্ণিতভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হলো। উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ সালের সম্পাদিত অডিট নোট অনুযায়ী আলোচ্য সমবায় সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার নিম্নে।

ক্র.নং	নাম	পদবী/ঠিকানা	সদস্য নং	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিতে পদবী
০১	জনাব মোঃ জাহাঙ্গীর আলম	সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় ভেদরগঞ্জ, শরীয়তপুর।	--	সভাপতি
০২	জনাব রায়হান সোবাহান পিতা : আব্দুর রশিদ মাঝি	গ্রাম : সখিপুর, উপজেলা : ভেদরগঞ্জ, ডাকঘর : সখিপুর জেলা : শরীয়তপুর	০১	সদস্য
০৩	জনাব সোহেল রানা পিতা : রমিজ উদ্দিন বেপারী	গ্রাম : সখিপুর, উপজেলা : ভেদরগঞ্জ, ডাকঘর : সখিপুর জেলা : শরীয়তপুর	০৪	সদস্য

নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের জন্য বলবৎ থাকবে। নির্ধারিত সময়সীমার মধ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০), এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনা করবেন এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন।

  
(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা  
ভেদরগঞ্জ, শরীয়তপুর।


ই-মেইল : ucovedorgonj@gmail.com

স্মারক নম্বর : ৪৭.৬১.৮৬১৪.০০০.০০০.০৩৩.২০২১.৩৩

তারিখ : ২২-০১-২০২৬ খ্রি।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ;

- ০১। জেলা সমবায় কর্মকর্তা, শরীয়তপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। জনাব তাহমিনা আক্তার, সভাপতি, বিলুপ্ত ব্যবস্থাপনা কমিটি, পূবালী বহুমুখী সমবায় সমিতি লিমিটেড। তাঁকে নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। জনাব মোঃ জাহাঙ্গীর আলম / জনাব রায়হান সোবাহান / জনাব সোহেল রানা, সভাপতি/সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, পূবালী বহুমুখী সমবায় সমিতি লিমিটেড। তাঁকে বিলুপ্ত ব্যবস্থাপনা কমিটির নিকট হতে দায়িত্বভার গ্রহণ করে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করে আলোচ্য সমিতির নির্বাচন অনুষ্ঠান পরিচালনাসহ দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করার জন্য বলা হলো।
- ০৪। অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ সংক্রান্ত নথি।
- ০৫। অফিস নথি।

  
(মোহাম্মদ মোফাজ্জল হোসেন)

উপজেলা সমবায় কর্মকর্তা  
ভেদরগঞ্জ, শরীয়তপুর।

ই-মেইল : ucovedorgonj@gmail.com